উপজেলা নির্বাহী অফিস
বাগমারা, রাজশাহী।

প্রাপ্তি নং- ৩৭১৪
তারিখ ঃ 20/10/22
উপজেলা নির্বাহী অফিস

অতি জরুরী | জরুরী | উপস্থাপন করুন | নথিজাত করুন

ভূমি সেবা ডিজিটাল
বদলে যাচ্ছে দিনকাল

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
(এস.এ শাখা)
www.dcrajshahi.gov.bd

স্মারক নং ৩১.৪৩.৮১০০.০১৫.০৭.১০৪.২২. ১৩৮৫/১

তারিখঃ ১৭ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ
০২ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ

বিষয়ঃ জলমহালের সিডিউল বিক্রয়

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে রাজশাহী জেলার বাগমারা, দুর্গাপুর, মোহনপুর ও গোদাগাড়ী উপজেলার ২০ একরের উর্ধ্বে ০৭টি বদ্ধ জলমহাল বাংলা ১৪৩০ হতে ১৪৩৫ সাল পর্যন্ত ০৬ (ছয়) বছর মেয়াদে সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি-২০০৯ অনুসারে উন্নয়ন প্রকল্পে ইজারা প্রদানের নিমিত্ত সংযুক্ত টেন্ডার বিজ্ঞপ্তিতে বর্ণিত মেয়াদে সিডিউল বিক্রয়ের জন্য এ সাথে সংযুক্ত করে প্রেরণ করা হলো। দরপত্রে উল্লিখিত দরপত্র দাখিলের শেষ তারিখ ২১/১২/২০২২ খ্রিস্টাব্দ অফিস চলাকালে সিডিউল বিক্রয় করে বিক্রিত অর্থ বেলা ২.০০ ঘটিকার মধ্যে এ অফিসে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ সিডিউল ০৫ (পাঁচ) সেট

02.10.2022
সানিয়া বিনতে আফজল
রেভিনিউ ডেপুটি কালেক্টর
রাজশাহী
ফোনঃ ০২৫৮৮৮৫৭৩৯৪
ই-মেইল-rdcrajshahi@gmail.com

০১। উপজেলা নির্বাহী অফিসার
বাগমারা/দুর্গাপুর/মোহনপুর/গোদাগাড়ী, রাজশাহী।
০২। সিনিয়র সহকারী কমিশনার
রাজস্ব শাখা
বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী।
০৩। অফিস কপি।

ভূমি সেবা ডিজিটাল
বদলে যাচ্ছে দিনকাল

পরিশিষ্ট -ক

<u>২০ একরের উর্দ্ধে বদ্ধ সরকারি জলমহাল উন্নয়ন প্রকল্প ইজারার আবেদন ফরমঃ</u>

(ফরমটি পূরণপূর্বক অনলাইনে চাহিত অন্যান্য কাগজপত্রের সাথে আপলোড করতে হবে)

১। আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/সমিতি-এর নাম ও ঠিকানাঃ
২। যে সরকারি জলমহালের জন্য বন্দোবস্ত/ইজারার আবেদন করা হয়েছে সে জলমহালের নামঃ
৩। জলমহালের বিবরণঃ
 তফসিল-
 জলমহালের পরিমাণঃ
 উপজেলাঃ
 জেলাঃ
৪। সংগঠন/সমিতির রেজিস্ট্রেশন নম্বর ও তারিখঃ
 (রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষের প্রত্যয়ন পত্র সংযুক্ত করতে হবে)
৫। সংগঠন/সমিতির গঠনতন্ত্র ঃ সংযুক্ত হ্যাঁ □ না □
৬। নির্বাচিত সভাপতি ও সাধারণ সম্পাদকের নাম ও ঠিকানা (ছবিসহ) এবং সভার কার্যবিবরণীঃ
 সংযুক্ত হ্যাঁ □ না □
৭। সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) এবং নির্বাচিত নির্বাহী/কার্যকরী কমিটির তালিকা (ঠিকানাসহ)ঃ
 সংযুক্ত হ্যাঁ □ না □
৮। জলমহালের মৎস্য চাষ/উৎপাদন/সুষ্ঠু ব্যবস্থাপনার
 পরিকল্পনা/রূপরেখাঃ সংযুক্ত হ্যাঁ □ না □
৯। ব্যাংক সলভেন্সি সার্টিফিকেটঃ
১০। অডিট রিপোর্ট (প্রযোজ্য ক্ষেত্রে)ঃ
১১। টি.আই.এন নম্বর (যদি থাকে)ঃ
 (উপযুক্ত কর্তৃপক্ষের প্রত্যয়ন পত্র সংযোজন করতে হবে)
১২। ইতোপূর্বে জলমহাল বন্দোবস্ত নিয়েছে কি না, নিয়ে থাকলে, কোন রাজস্ব বকেয়া আছে কিনাঃ
১৩। আবেদনকারী সংগঠন/সমিতির নামে সার্টিফিকেট মামলা/অন্য কোন আদালতে মামলা আছে কিনা, মামলা থাকলে বর্তমান অবস্থা কিঃ
১৪। আবেদন ফি (অফেরৎযোগ্য) ঃ ৫০০/- টাকা (নগদ)।
১৫। জামানত (সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী)ঃ
 পে-অর্ডার/ব্যাংক ড্রাফট নং তারিখ ঃ
 (জেলা প্রশাসক, রাজশাহীর বরাবরে তফসিলি ব্যাংকের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে)
১৬। বাৎসরিক ইজারা মূল্যঃ
১৭। ০৬ (ছয়) বছরের ইজারা মূল্যঃ

উপরোক্ত বর্ণনা সঠিক ও সত্য। কোন তথ্য ভুল বা মিথ্যা প্রমাণিত হলে আমাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে। জলমহালটি আমাদের অনুকূলে ১ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ হতে ৩০ চৈত্র ১৪৩৫ বঙ্গাব্দ পর্যন্ত ০৬ (ছয়) বছরের জন্য বন্দোবস্ত প্রদানের অনুরোধ করছি।

সংযুক্তিঃ ........................ফর্দ। তারিখ ঃ ......................................

আবেদনকারীর স্বাক্ষর, নাম ও সীল

রেভিনিউ ডেপুটি কালেক্টর
ও
সদস্য-সচিব
জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
রাজশাহী

SA.NEW FOLDER: জলমহাল 2019

ভূমি সেবা ডিজিটা
বদলে যাচ্ছে দিনক

## শর্তাবলী

১। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী শুধুমাত্র নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি কর্তৃক ২০ একরের উর্ধ্বে জলমহাল উন্নয়ন প্রকল্পে ইজারার জন্য অনলাইনে (jm.lams.gov.bd) আবেদন দাখিল করতে হবে। ক্রয়কৃত দরপত্র/আবেদন ফরমটি পূরণপূর্বক অনলাইনে চাহিত অন্যান্য কাগজপত্রের সাথে আপলোড করতে হবে। আপলোডকৃত চাহিত সকল কাগজপত্রের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালাকৃত খামে ইজারা বিজ্ঞপ্তিতে প্রকাশিত নির্ধারিত সময়ের মধ্যে জেলা প্রশাসকের কাঁযালয়, রাজশাহী'র এস.এ শাখায় দাখিল করতে হবে। অনিবন্ধনকৃত কোন সমিতি/সংগঠন আবেদন করতে পারবেনা।

২। ইজারার মেয়াদ ১ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ হতে ৩০ চৈত্র ১৪৩৫ বঙ্গাব্দ পর্যন্ত ০৬ (ছয়) বছরের জন্য বলবৎ থাকবে।

৩। আবেদনের সাথে উদ্ধৃত ইজারা মূল্যের ২০% হারে জামানত জেলা প্রশাসক, রাজশাহীর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে দরপত্রের সাথে জমা দিতে হবে। উক্ত জামানতের টাকা ইজারা প্রাপ্ত সমিতির শেষ বছর ইজারা মূল্যের সাথে সমন্বয় করতে হবে।

৪। সর্বোচ্চ দর গৃহীত হওয়ার ১৫ (পনের) দিনের মধ্যে প্রথম বছরের সমুদয় ইজারামূল্য পরিশোধ করতে হবে। অন্যথায় দাখিলকৃত জামানত সরকারের অনুকূলে স্বয়ংক্রিয়ভাবে বাজেয়াপ্ত হবে এবং জলমহাল পুনরায় ইজারা দেওয়া হবে।

৫। ০৬ (ছয়) বছর মেয়াদী ইজারা মূল্য বাংলা বছর ভিত্তিতে পরিশোধ করতে হবে। প্রত্যেক বছরের ইজারামূল্য পূর্ববর্তী বছরের ১৫ই চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। যুক্তিসংগত কারণ ব্যতীত সমুদয় ইজারা মূল্য পরিশোধে ব্যর্থ হলে ইজারা বাতিল করা হবে এবং জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। ইজারা মূল্য আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

৬। ইজারামূল্য ইজারা মেয়াদের ৫ম ও ৬ষ্ঠ বছরে আরও ২৫ % বৃদ্ধি পাবে এবং সে অনুযায়ী ইজারা মূল্য আদায় করা হবে।

৭। জলমহালগুলো সরেজমিনে পরিদর্শন করে প্রকৃত অবস্থা সঠিকভাবে জেনে আবেদন দাখিল করতে হবে। উক্ত বিষয়ে পরবর্তীতে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৮। ইজারা প্রদত্ত জলমহালের সম্পূর্ণ অর্থ পরিশোধ করার ০৭ (সাত) দিনের মধ্যে আবেদনকারীকে নিজ দায়িত্বে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারা প্রদানকারী কর্তৃপক্ষের সাথে চুক্তিনামা সম্পাদন এবং সংশ্লিষ্ট উপজেলা/ইউনিয়ন ভূমি অফিস হতে আনুষ্ঠানিকভাবে জলমহালের দখল গ্রহণ করতে হবে। ইজারাদার কর্তৃক কোন অবস্থাতেই ইজারাকৃত জলমহালের সম্পূর্ণ বা আংশিক কাহারও নিকট হস্তান্তর বা সাব-লীজ প্রদান করা যাবে না। অনুরূপ অভিযোগ প্রমাণিত হলে ইজারা বাতিল করা হবে এবং জামানত সহ জমাকৃত ইজারা মূল্য সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। ঐ ইজারা গ্রহীতা পরবর্তী ০৩ (তিন) বছর কোন জলমহালের ইজারা উন্নয়ন প্রকল্পের জন্য কোন আবেদন করতে পারবে না।

০৯। আবেদন গৃহীত হলে দরদাতাকে ইজারা মূল্য ১-৪৬৩১-০০০০-১২৬১ নম্বর কোডে , ইজারা মূল্যের উপর ১৫% ভ্যাট ০১-১১৩৩-০০২০-০৩১১ নং কোডে , এবং ১০% আয়কর ০১-১১৪১-০০৬০-০১১১ নম্বর কোডে, চালানের মাধ্যমে জমা দিয়ে চালানের মূল কপি দাখিল করতে হবে।

১০। সায়রাতমহাল ইজারার ক্ষেত্রে যাবতীয় বিভাগীয়/সরকারি নীতিমালা জারী হলে তা ইজারাদারের জন্য মেনে চলা বাধ্যতামূলক।

১১। ইজারা প্রদানে বিলম্বের দরুন ইজারা অর্থ আংশিক বা হারাহারিভাবে প্রদেয় হবে না। অথবা খাসে আদায়কৃত অর্থও ইজারাদারকে প্রদান করা হবে না। আবেদনপত্রের খামে সায়রাতমহালের নাম ও ক্রমিক নং উল্লেখ করতে হবে। দাখিলকৃত খামের উপরিভাগে জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদনে কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বামপার্শ্বে নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখিত থাকতে হবে।

১২। আবেদন জেলা প্রশাসক, রাজশাহী বরাবরে দাখিল করতে হবে।

১৩। মাছ ধরার ক্ষেত্রে বিদ্যমান এবং সময় সময় জারীকৃত বিধি বিধান অনুসরণ ইজারাদারের জন্য বাধ্যতামূলক হবে।

১৪। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী অন্যান্য শর্ত প্রযোজ্য হবে।

১৫। যে কোন আবেদন বাতিল/গ্রহণের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং বিজ্ঞপ্তির যে কোন শর্তাবলী সংযোজন/বিয়োজন/বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

০২/১০/২২

আব্দুল জলিল
জেলা প্রশাসক
রাজশাহী
টেলিফোন-০২৫৮৮৮৫৭০৫০
ই-মেইল: dcrajshahi@mopa.gov.bd

মুজিব১০০ MUJIB
ভূমি সেবা ডিজিটাল
বদলে যাচ্ছে দিনকাল

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
(এস.এ. শাখা)
www.rajshahi.gov.bd

স্মারক নং-৩১.৪৩.৮১০০.০১৫.০৭.০৪২.২২.-১১৬৪(৫০)

তারিখঃ ১৪ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ
২৯ সেপ্টেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

## ২০ একরের উর্ধ্বে বদ্ধ জলমহাল উন্নয়ন প্রকল্পে ইজারা বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়ের ১৪/০৯/২০২২ খ্রিস্টাব্দের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-২)-৫৩৯ নং স্মারকে জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী ২০ একরের উর্ধ্বে জলমহাল উন্নয়ন প্রকল্পে ইজারার জন্য অনলাইনে (jm.lams.gov.bd) আবেদন দাখিলের বিধান প্রবর্তন করায় রাজশাহী জেলা প্রশাসনের আওতাধীন মোহনপুর, বাগমারা, দূর্গাপুর ও গোদাগাড়ী উপজেলার ০৭ (সাত)টি বদ্ধ জলমহাল ১ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ হতে ৩০ চৈত্র ১৪৩৫ বঙ্গাব্দ পর্যন্ত ০৬ (ছয়) বছর মেয়াদে নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি কর্তৃক অনলাইনে ইজারার আবেদন দাখিলের সিদ্ধান্ত গৃহিত হয়েছে। সে প্রেক্ষিতে রাজশাহী জেলা থেকে উন্নয়ন প্রকল্পের আবেদন ১৪৩০ বঙ্গাব্দে জলমহালের ইজারা ব্যবস্থাপনা নির্ধারিত বর্ষ পঞ্জিকার (Calender Year) মধ্যে নিষ্পন্ন করার লক্ষ্যে নিম্নবর্ণিত সিডিউল অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হবে।

| ক্রমিক নং | তারিখ | গৃহিত কার্যক্রম |
|---|---|---|
| ১. | ৩০ আশ্বিনের মধ্যে | জেলা প্রশাসকের কার্যালয় কর্তৃক বিজ্ঞপ্তির মাধ্যমে উন্নয়ন প্রকল্পে জলমহাল ইজারার আবেদন আহবান। |
| ২. | ৩০ অগ্রহায়ণের মধ্যে | বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী (এস.এ শাখা) এবং সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে ৫০০/- টাকায় (অফেরৎযোগ্য) দরপত্র/আবেদনপত্র অফিস চলাকালীন সময়ে ক্রয় সাপেক্ষে অনলাইনে আবেদন দাখিল। দরপত্র/আবেদন ফরমে বর্ণিত শর্তাবলীসহ সর্বশেষ সরকারি পরিপত্র/নীতিমালা অনুসরন প্রযোজ্য হবে। |
| ৩. | ৫ পৌষ অথবা পরবর্তী ৩ (তিন) কার্যদিবসের মধ্যে | আবেদনকারী কর্তৃক অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মুলকপি সীলগালা মুখবন্ধ খামে জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী'তে দাখিল। |
| ৪. | ১০ মাঘের মধ্যে | আবেদনসমূহ যাচাই-বাছাই অন্তে জেলা প্রশাসক, রাজশাহী কর্তৃক মন্ত্রণালয়ে প্রতিবেদন দাখিল |
| ৫. | ১০ ফাল্গুনের মধ্যে | মন্ত্রণালয় কর্তৃক সরকারি জলমহাল ইজারা প্রদান সংক্রান্ত কমিটির সভা অনুষ্ঠান। |
| ৬. | ৩০ ফাল্গুনের মধ্যে | জলমহালের ইজারাদেশ/সিদ্ধান্ত জেলা প্রশাসকের নিকট প্রেরণ। |
| ৭. | ৩০ চৈত্রের মধ্যে | সরকারি পাওনাদি বুঝে নিয়ে অনুমোদিত ইজারাগ্রহিতাদের সাথে চুক্তি সম্পাদন ও জলমহালের দখল হস্তান্তর করণ। |

**১ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ হতে ৩০ চৈত্র ১৪৩৫ বঙ্গাব্দ পর্যন্ত ০৬ (ছয়) বছর মেয়াদে ২০ একরের উর্ধ্বে বদ্ধ জলমহালের ইজারা বিজ্ঞপ্তির তালিকাঃ**

| ক্রমিক নং | উপজেলার নাম | জলমহালের নাম | জলমহালের মৌজা, দাগ ও পরিমান (একর) | | | জলমহালের আয়তন (একরে) | বার্ষিক সরকারি ধার্যকৃত মূল্য টাকা | ইজারার মেয়াদ (বাংলা) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | মৌজা | দাগ | পরিমান | | | |
| ১. | মোহনপুর | টাকাইদাড়া জলমহাল | লক্ষিপুর | ১১৩৮ | ০.৭৪ | ২০.৮৩ | ১,৫৬.২৫০/- | |
| | | | লক্ষিপুর | ১১৩৮/১৩২৭ | ২.৮৬ | | | |
| | | | লক্ষিপুর | ৮০৭ | ০.৭৯ | | | |
| | | | লক্ষিপুর | ৮২০ | ০.১৯ | | | |
| | | | পালশা | ১৬৩৬ | ১.১২ | | | |
| | | | পালশা | ১৭৬৫ | ০.১২ | | | |
| | | | মহব্বতপুর | ৪৯৭ | ২.৫৫ | | | |
| | | | ডাঙ্গাপাড়া | ১৩৭০ | ২.৩৫ | | | |
| | | | ডাঙ্গাপাড়া | ১৮৬৬ | ১.৮৬ | | | ১ বৈশাখ ১৪৩০ হতে ৩০ চৈত্র ১৪৩৫ বঙ্গাব্দ |
| | | | মহিষ কুন্ডী | ১১১০/২০০৬ | ২.৩ | | | |
| | | | মহিষ কুন্ডী | ১৩১৫ | ২.৩৮ | | | |
| | | | মহিষ কুন্ডী | ১৪৩৩/১৯৬৬ | ০.৪৮ | | | |
| | | | শ্যামপুর | ৮২১ | ০.১৪ | | | |
| | | | শ্যামপুর | ৮৮৯ | ০.৬ | | | |
| | | | গোয়ালপাড়া | ১০৭০ | ২.৩৫ | | | |
| | | | | মোট | ২০.৮৩ | | | |

ভূমি সেবা ডিজিটাল
বদলে যাচ্ছে দিনকাল

| ক্রমিক নং | উপজেলার নাম | জলমহালের নাম | জলমহালের মৌজা, দাগ ও পরিমান (একর) | | | জলমহালের আয়তন (একরে) | বার্ষিক সরকারি ধার্যকৃত মূল্য টাকা | ইজারার মেয়াদ (বাংলা) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | মৌজা | দাগ | পরিমান | | | |
| ২. | বাগমারা | বিল কালাই বিল | বিল কালাই | ৯১৩, ৭৫৫, ৪৬১/৯৪১, ৪৩৭/৯৪০, ৯১৩/৯৩৪, ৪৬৯/৯২৮, ৪১৩, ২৯৮/৯১৭, ৯৮০/৯১৮, ৯১৩/৯২০, ৪১৪/৯১৯, ৪২১/৯২১ | ১১৮.৯৯ | ১১৮.৯৯ | ২,৩৭,৫০০/- | |
| ৩. | বাগমারা | ওয়াশিলারদাঁড়া জলমহাল | মৌজা | দাগ | পরিমান | ৫১.৭১ | ৭,৮৭,৫০০/- | |
| | | | উত্তর একডালা | ২৩৪০ | ৯.০০ | | | |
| | | | উত্তর একডালা | ৯৬৭ | ৯.৮২ | | | |
| | | | কসবা | ২৫৮৭/৪২৭১ | ২.৫ | | | |
| | | | কসবা | ২৫৮৭ | ১৪.৭৫ | | | |
| | | | কাছারি কয়ালিপাড়া | ২৭৬৭ | ০.৩৪ | | | |
| | | | কাছারি কয়ালিপাড়া | ২৩৬০ | ২.৫১ | | | |
| | | | কাছারি কয়ালিপাড়া | ২৫৪২ | ১.০৬ | | | |
| | | | তক্তপাড়া | ৬৮০ | ১.৭৫ | | | |
| | | | দাসপাড়া | ২১৪ | ০.০৬ | | | |
| | | | অনন্তপাড়া | ২১৭৬ | ২.৬৪ | | | |
| | | | অনন্তপাড়া | ২৪৭৫ | ০.৭১ | | | |
| | | | অনন্তপাড়া | ২২৯৭/২৫১১ | ২.৬৪ | | | |
| | | | হায়াতপুর | ১৩৯১ | ০.৯৫ | | | |
| | | | কাঁঠালবাড়ী | ১১৬৫ | ০.৭২ | | | ১ বৈশাখ ১৪৩০ হতে ৩০ চৈত্র ১৪৩৫ বঙ্গাব্দ |
| | | | কাঁঠালবাড়ী | ১৬৫০ | ১.৭৬ | | | |
| | | | সাকোয়া | ১৬০ | ০.১ | | | |
| | | | সাকোয়া | ১৯৭ | ০.১২ | | | |
| | | | সাকোয়া | ৩৩৪ | ০.১৭ | | | |
| | | | সাকোয়া | ৩৭২ | ০.১১ | | | |
| | | | | মোট | ৫১.৭১ | | | |
| ৪. | দুর্গাপুর | লোকনাথ মৈত্রের দাঁড়া জলমহাল | মৌজা | দাগ | পরিমান | ৩৭.৯৮ | ৭১,২৫০/- | |
| | | | গোপালপাড়া | ৩৭৪২ | ০.৬ | | | |
| | | | গোপালপুর | ৫১৬৪ | ৩.৩৪ | | | |
| | | | গোপালপুর | ১৭১০ | ০.১৪ | | | |
| | | | আরইল | ১৭০৯ | ০.১৪ | | | |
| | | | আরইল | ১০২ | ০.৬ | | | |
| | | | আরইল | ১০৩ | ০.৯৮ | | | |
| | | | কিশমত বগুড়া | ৪৬ | ০.১৩ | | | |
| | | | কিসমত তেকাঠিয়া | ৫৯ | ২.৪১ | | | |
| | | | কিসমত তেকাঠিয়া | ১৯৬২ | ৩.১৩ | | | |
| | | | [illegible] | ৫৭১৭ | ১.০৮ | | | |
| | | | [illegible] | ৫৭৯২ | ০.৩২ | | | |
| | | | গোপালপাড়া | ৩৭৪৪ | ০.০৭ | | | |
| | | | গোপালপাড়া | ৩১০৩ | ৬.৯৯ | | | |
| | | | গোপালপাড়া | ৫১৬৪ | ০.৩৪ | | | |
| | | | গোপালপাড়া | ৩৭৪৩ | ০.০৫ | | | |
| | | | আরইল | ১৫১৮ | ৩.৪৯ | | | |
| | | | আরইল | ১৭০৭ | ১.০৫ | | | |
| | | | আরইল | ১৭১০ | ০.১৪ | | | |
| | | | আরইল | ১৮০২ | ০.২ | | | |
| | | | কিসমত তেকাঠিয়া | ২৭২১ | ২.০৪ | | | |
| | | | কিশমত বগুড়া | ৬৪৩ | ০.৪৮ | | | |
| | | | কিশমত বগুড়া | ৫০ | ০.২৮ | | | |

মুজিব শতবর্ষ

ভূমি সেবা ডিজিটাল
বদলে যাচ্ছে দিনকাল

| ক্রমিক নং | উপজেলার নাম | জলমহালের নাম | জলমহালের মৌজা, দাগ ও পরিমান (একর) | | | জলমহালের আয়তন (একরে) | বার্ষিক সরকারি ধার্যকৃত মূল্য টাকা | ইজারার মেয়াদ (বাংলা) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | কিসমত তেকাঠিয়া | ৬১০ | ০.২৮ | | | |
| | | | আরইল | ২৬৬১ | ৪.৮৬ | | | |
| | | | আরইল | ৩২৭৮ | ৪.৩৩ | | | |
| | | | আরইল | ৩৮৪১ | ০.৫১ | | | |
| | | | | মোট | ৩৭.৯৮ | | | |
| ৫. | দুর্গাপুর | রায়চান দাঁড়া জলমহাল | মৌজা | দাগ | পরিমান | ২১.৪১ | ৪১,২৫০/- | ১ বৈশাখ ১৪৩০ হতে ৩০ চৈত্র ১৪৩৫ বঙ্গাব্দ |
| | | | উজান খলসী | ২৬৫৪ | ২.৩৯ | | | |
| | | | উজান খলসী | ১০২৪ | ১.৩৬ | | | |
| | | | ভবানীপুর | ৯৬২৩ | ৩.১২ | | | |
| | | | লক্ষীপুর | ৯৪৯২ | ২.২৭ | | | |
| | | | লক্ষীপুর | ৯৭ | ২.৩৯ | | | |
| | | | কিশসত বগুড়া | ১৬১ | ১.৩৬ | | | |
| | | | কিশসত বগুড়া | ১২৬২ | ৩.১০ | | | |
| | | | কিশসত বগুড়া | ৭৩৫ | ৩.১৫ | | | |
| | | | কিশসত বগুড়া | ৫২৫ | ২.২৭ | | | |
| | | | | মোট | ২১.৪১ | | | |
| ৬. | [illegible] | মালঞ্চ নদী | মৌজা | দাগ | পরিমান | ৪০.৭০ | ২,৬০,০০০/- | |
| | | | পাঁচুবাড়ী | ১৭৪৪ | ১৪.৫ | | | |
| | | | চক শ্রীধরপুর | ২৭৮৭ | ১.৪ | | | |
| | | | চক শ্রীধরপুর | ২৫৪০ | ৯.৯ | | | |
| | | | লক্ষন খলসী | ৭৬৫৩ | ৩.০৭ | | | |
| | | | ভবানীপুর | ৬৯৯ | ১.১৩ | | | |
| | | | ভবানীপুর | ৬১০ | ৩.১৮ | | | |
| | | | ভবানীপুর | ৯৩১ | ১.৪ | | | |
| | | | | মোট | ৪০.৭০ | | | |
| [illegible] | [illegible] | বিল চড়াই বিল | মৌজা | দাগ | পরিমান | ৯৯.০৫ | ৮,১৬,৮৯৫/- | |
| | | | বিল চড়াই | ১১২৫, ১৮৯৩, ১৮৮৬, ১৮৮৭, ১৮৮৮, ১৮৮৯, ১৮৯০, ১৮৯১, ১৮৯২, ১৮৯৪, ১৮৯৫ | ৯৯.০৫ | | | |
| | | | | মোটঃ | ৯৯.০৫ | | | |

উল্লেখ্য, বিজ্ঞপ্তির যে কোন শর্তাবলী সংযোজন/বিয়োজন/বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

আব্দুল জলিল
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, রাজশাহী
টেলিফোন-০২৫৮৮৮৫৭০৫০
ই-মেইল: dcrajshahi@mopa.gov.bd
তারিখঃ ১৪ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ
২৯ সেপ্টেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

স্মারক নং- ০৫.৪৩.৮১০০.০১৫.০৭.০৪২.২২-১৯৫৪ (৫০)

অনুলিপি সদয় অবগতি/অবগতির ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী
৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রাজশাহী
৪. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, রাজশাহী (১-২)
৫. নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, রাজশাহী

৬. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, রাজশাহী
৭. উপজেলা নির্বাহী অফিসার, মোহনপুর/বাগমারা/দুর্গাপুর/গোদাগাড়ী, রাজশাহী (**বিজ্ঞপ্তিটি** প্রচারের জন্য নোটিশ বোর্ড ও উপজেলা প্রশাসনের Website - এ প্রকাশের অনুরোধসহ)
৮. সিনিয়র সহকারী কমিশনার, রাজস্ব শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, **রাজশাহী** (বিজ্ঞপ্তিটি প্রচারের জন্য নোটিশ বোর্ড ও বিভাগীয় প্রশাসনের website - এ প্রকাশের অনুরোধসহ)
৯. সহকারী কমিশনার (ভূমি), মোহনপুর/বাগমারা/দুর্গাপুর/গোদাগাড়ী, রাজশাহী (**বিজ্ঞপ্তিটি** হাটবাজারে ঢোল সহরত ও মাইকের মাধ্যমে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি অফিসে প্রেরণের **প্রয়োজনীয়** ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো (ঢোল সহরতের প্রতিবেদন আগামী      /      /২০২২ খ্রিস্টাব্দ তারিখের **মধ্যে বিশেষ** বাহক মারফত এ অফিসে পাঠানোর জন্য অনুরোধ করা হলো
১০. সহকারী কমিশনার, আইসিটি শাখা, রাজশাহী (বিজ্ঞপ্তিটি প্রচারের জন্য **রাজশাহী** জেলা প্রশাসনের website - এ প্রকাশের অনুরোধসহ)
১১. জেলা সমবায় অফিসার, রাজশাহী
১২. জেলা রেজিস্ট্রার, রাজশাহী
১৩. জেলা মৎস্য কর্মকর্তা, রাজশাহী
১৪. সিএট.................................................................................................................................
১৫. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা.................................................... ইউনিয়ন ভূমি অফিস, মোহনপুর/বাগমারা/দুর্গাপুর/গোদাগাড়ী, সংশ্লিষ্ট (নিলাম নোটিশটি টাংগিয়ে জারীর জন্য বলা হলো)
১৬. সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, ---------------------, ঢাকা
১৭. সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক সোনার দেশ, রাজশাহী

তাঁকে উল্লিখিত বিজ্ঞপ্তিটি ---------/---------/২০২২ তারিখে পত্রিকার ভিতরের পাতায় (৩"x৭") এক দিন প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো এবং প্রচারিত সংখ্যার ০৩ (তিন) কপি অত্রাফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১৮. অফিস কপি

২৮/৭/২২

আব্দুল জলিল
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, রাজশাহী